



# কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র

ASSET  
Project

১৬৪, মাসকান্দা, ময়মনসিংহ

ASSET প্রকল্পের আওতায় সম্পূর্ণ ফ্রি কোর্সে

## প্রশিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন ASSET প্রকল্পের আওতায় জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর আওতাধীন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ময়মনসিংহে পরিচালিত সম্পূর্ণ সরকারী খরচে ০৪ মাস ৩৬০ ঘন্টা মেয়াদী (সেশন সেপ্টেম্বর-ডিসেম্বর/২০২৪ ব্যাচ-৩) নিম্নবর্ণিত কোর্স-এ প্রশিক্ষার্থী ভর্তি চলছে। ভর্তির আবেদন ফরম কেন্দ্রের কক্ষ নং-৯ হতে সংগ্রহ করা যাবে। ভর্তিচ্ছুক প্রার্থীগণকে আবেদন পূরণ পূর্বক শিক্ষাগত যোগ্যতা সনদের ফটোকপি, পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি ছবি এবং ন্যাশনাল আইডি কার্ড (NID)/ অন লাইন জন্মনিবন্ধন এর ফটোকপি সংযোজন করে ০৮/০৮/২০২৪খ্রি. হতে ২৫/০৮/২০২৪খ্রি. তারিখ পর্যন্ত দুপুর ২:০০ ঘটিকার মধ্যে কেন্দ্রের কক্ষ নং-৯ এ জমা দিতে হবে।

### কোর্সের বিবরণ

নং	কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা	আসন সংখ্যা	কোর্সের মেয়াদ	লেভেল
০১	গ্রাফিক্স ডিজাইন	ন্যূনতম এসএসসি পাশসহ কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন জানা সনদপত্র থাকতে হবে।	২৫ জন	০৪মাস/৩৬০ঘন্টা	৩
০২	কম্পিউটার অপারেশন	ন্যূনতম এসএসসি/সমমান পাশ	২৫ জন		৩
০৩	সুইং মেশিন অপারেশন	ন্যূনতম ৮ম শ্রেণি পাশ	২৫ জন		২
০৪	প্লাস্টিং এন্ড পাইপ ফিটিংস	ন্যূনতম ৮ম শ্রেণি পাশ	২৫ জন		২
০৫	ইলেক্ট্রিক্যাল ইন্সট্রলেশন এন্ড মেইনটেন্যান্স	ন্যূনতম ৮ম শ্রেণি পাশ	২৫ জন		২

### ভর্তির শর্তসমূহ :

- ক্লাসে অবশ্যই ১০০% উপস্থিত থাকতে হবে।
- প্রার্থীর বয়স ১৮-৪৫ বছর।
- মাসিক ১৫০০/- টাকা উপবৃত্তি এবং দৈনিক ১০০/- টাকা হারে যাতায়াত ভাতা প্রদান করা হবে (শর্ত প্রযোজ্য)।
- ফিঙ্গার প্রিন্ট ও ফেইস রিকাগনিশন পদ্ধতিতে হাজিরা দিতে হবে।
- মহিলা, দরিদ্র, সুবিধাবঞ্চিত, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী অধাধিকার পাবে(শর্ত প্রযোজ্য)।
- আবশ্যিকভাবে NSDA এর আওতায় NTVQF Level Assessment-এ অংশগ্রহণ করতে হবে।
- সকল কোর্সে ১০০০/- টাকা জামানত কোর্স শেষে ফেরত প্রদান করা হবে।
- সুবিধাবঞ্চিত, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও মহিলা প্রশিক্ষার্থীদের উপবৃত্তি ২০০০/- ও যাতায়াত ১০০/- ভাতা প্রদান করা হবে (শর্ত প্রযোজ্য)।
- গ্রাফিক্স ডিজাইন: সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে কম্পিউটার জানার সনদ থাকতে হবে ও কম্পিউটার অপারেশনে Level -1/3 সম্পন্ন কারীদের অধাধিকার দেওয়া হবে।

### আবেদন পত্রের সাথে যে সকল কাগজ জমা দিতে হবে :

- শিক্ষাগত যোগ্যতা সনদের ফটোকপি
- জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন এর ফটোকপি
- সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০২(দুই)কপি ছবি

### ফরম বিতরণ ও জমাদানে তথ্যাদি :

ফরম বিতরণ ও জমা : ০৮/০৮/২০২৪খ্রিঃ হতে ২৫/০৮/২০২৪খ্রিঃ দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত।

ভর্তি পরীক্ষা ও ফলাফল প্রকাশ : ২৭/০৮/২০২৪ খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকা

নির্বাচিত প্রার্থীদের ভর্তি: ২৮ ও ২৯ আগষ্ট ২০২৪খ্রিঃ, দুপুর ২ ঘটিকা পর্যন্ত

ক্লাস শুরু : ০১ সেপ্টেম্বর ২০২৪।

প্রকৌঃ মোঃ মাহতাব উদ্দিন  
অধ্যক্ষ